

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৭০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩৫০ : ইসলামী দণ্ড বিধান প্রয়োগ না করার জন্য সুপারিশ করা হারাম

(350) بَابُ تَحْرِيْم الشَّفَاعَةِ فِي الْحُدُوْدِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا: أَنَّ قُرَيْشاً أَهَمَّهُمْ شَأْنُ المَرْأَةِ المَخْزُومِيَّةِ الَّتِي سَرَقَتْ، فَقَالُوا: وَمَنْ يَجْتَرِئُ عَلَيْهِ إِلاَّ أَسَامَةُ بْنُ زَيْدٍ، حِبُّ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم. فَكَلَّمَهُ أُسَامَةُ ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «أَتَشْفَعُ فِي حَدِّ مِنْ حُدُودِ اللهِ تَعَالَى؟!» ثُمَّ قَامَ فاخْتَطَبَ، ثُمَّ صلى الله عليه وسلم: «أَتَشْفَعُ فِي حَدِّ مِنْ حُدُودِ اللهِ تَعَالَى؟!» ثُمَّ قَامَ فاخْتَطَبَ، ثُمَّ قَالَ: «إِنَّمَا أَهْلَكَ الَّذِينَ قَبْلَكُمْ أَنَّهُمْ كَانُوا إِذَا سَرَقَ فِيهِمُ الشَّرِيفُ تَرَكُوهُ، وَإِذَا سَرَقَ فِيهِمُ الضَّعِيفُ، أَقَامُوا عَلَيْهِ الحَدَّ، وَأَيْمُ اللهِ لَوْ أَنَّ فَاطِمَةَ بِنْتَ مُحَمَّدٍ سَرَقَتْ لَقَطَعْتُ يَدَهَا». متفق عَلَيْه.

وفي رواية : فَتَلوَّنَ وَجْهُ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، فَقَالَ: «أَتَشْفَعُ فِي حَدِّ مِنْ حُدُودِ اللهِ!؟» فَقَالَ أُسَامَةُ: اسْتَغْفِرْ لِي يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم. قَالَ: ثُمَّ أَمَرَ بِتِلْكَ المَرْأَةِ فَقُطِعَتْ يَدُهَا

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

﴿ الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ ۞ وَلَا تَأْخُذْكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللَّهِ إِنْ كُنْتُمْ تُوَمْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ﴾ [النور: ٢]

অর্থাৎ ব্যভিচারিণী ও ব্যভিচারী, এদের প্রত্যেককে একশো করে বেত্রাঘাত কর। আল্লাহর বিধান প্রয়োগ করার সময় তাদের প্রতি কোন দয়া যেন তোমাদেরকে অভিভূত না করে; যদি [সত্যিকারে] তোমরা আল্লাহর প্রতি ও কিয়ামতের দিনের প্রতি ঈমান এনে থাক। (সূরা নূর ২ আয়াত)



১/১৭৭৯। আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত যে, চুরির অপরাধে অপরাধিনী মাখয়ুম গোত্রের একজন মহিলার ব্যাপার কুরাইশ বংশের লোকদের খুব দুশ্চিন্তায় ফেলে দিয়েছিল। সাহাবীগণ বললেন, 'ওর ব্যাপারে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে কে কথা বলতে পারবে?' তাঁরা বললেন, 'রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রিয় পাত্র উসামা ইবনে যায়েদ ছাড়া কেউ এ সাহস পাবে না।' সুতরাং উসামা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে কথা বললেন। তিনি বলে উঠলেন, "তুমি আল্লাহর এক দণ্ডবিধান [প্রয়োগ না করার] ব্যাপারে সুপারিশ করছ?" পরক্ষণেই তিনি দাঁড়িয়ে খুৎবাহ দিলেন এবং বললেন, "[হে লোক সকল!] নিশ্বয় তোমাদের পূর্ববর্তী সম্প্রদায়ের লোকেরা এ জন্য ধ্বংস হয়েছিল যে, যখন তাদের কোন সম্মানিত ব্যক্তি চুরি করত, তখন তারা তাকে ছেড়ে দিত। আর যখন তাদের কোন দুর্বল লোক চুরি করত, তখন তার উপর শরীয়তের শান্তি প্রয়োগ করত। আল্লাহর কসম! যদি মুহাম্মাদের কন্যা ফাতিমাও চুরি করত, তাহলে অবশ্যই আমি তার হাতও কেটে দিতাম।" (বুখারী ও মুসলিম) [1]

অন্য এক বর্ণনায় আছে, [উসামার সুপারিশে] আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চেহারা রঙিন [লাল] হয়ে গেল। তিনি বললেন, "তুমি কি আল্লাহর এক দণ্ডবিধান [কায়েম না করার] ব্যাপারে সুপারিশ করছ?!" উসামা বললেন, 'আমার জন্য ক্ষমা প্রার্থনা করুন, হে আল্লাহর রসূল!' বর্ণনাকারী বলেন, 'অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ দিলে ঐ মহিলার হাত কেটে দেওয়া হল।'

English

(350) Chapter: Undesirability of Intercession in Hudud

Allah, the Exalted, says:

"The woman and the man guilty of illegal sexual intercourse, flog each of them with a hundred stripes. Let not pity withhold you in their case, in a punishment prescribed by Allah, if you believe in Allah and the Last Day." (24:2)

'Aishah (May Allah be pleased with her) reported:

The Quraish were anxious about a woman from Banu Makhzum who had committed theft and asked: "Who will speak to the Messenger of Allah (**) about her?" Then they said: "No one will be bold enough to do so except Usamah bin Zaid, the (Companion who was) dearly loved by the Messenger of Allah (**)." So Usamah (May Allah be pleased with him) spoke to him and the Messenger of Allah (**) (angrily) said, "Are you interceding regarding one of the punishments prescribed by Allah?" He then got up and delivered an address in which he said, "Indeed what destroyed the people before you was just that when a person of high rank among them committed a theft,



they spared him; but if the same crime was done by a poor person they inflicted the prescribed punishment on him. I swear by Allah that if Fatimah daughter of Muhammad should steal, I would have her hand cut off."

[Al-Bukhari and Muslim].

In another narration 'Aishah (May Allah be pleased with her) said: (Upon hearing the intercession of Usamah), the face of the Messenger of Allah (ﷺ) changed color (because of anger) and he said, "Do you dare to intercede in matters prescribed by Allah?" Usamah pleaded: "O Messenger of Allah! Pray for my forgiveness." 'Aishah (May Allah be pleased with her) added: Thereafter the Messenger of Allah (ﷺ) gave orders to have that woman's hand cut off.

Commentary:

- 1. Hadd is the punishment fixed by Shari`ah and which no one has the authority to increase or decrease. For instance, theft is punishable by the cutting of the hand; the punishment of adultery is a hundred stripes or Rajm (stoning to death); the punishment of drinking of intoxicants is forty stripes etc.
- 2. Nobody has the right to intercede or make any recommendation in this matter.
- 3. There is no distinction of male or female in the matter of these punishments (Hudud). Whoever commits a crime which is punishable by Hadd, whether that person is male or female, will be liable for punishment prescribed under Hadd the punishment, the limits of which have been defined in the Qur'an and Hadith.
- 4. No one is exempted from Hadd, no matter how great he is, because there is no distinction of great or small in the matter of Hadd.
- 5. We must learn a lesson from the history of past nations so that we can save ourselves from such misdeeds which caused their ruin.
- 6. This Hadith brings into prominence the distinction and eminence of Usamah and his position in the eyes of the Prophet (PBUH).

ফুটনোট



[1] সহীহুল বুখারী ২৬৪৮, ৩৪৭৫, ৩৭৩৩, ৪৩০৪, ৬৭৮৭, ৬৭৮৮, ৬৮০০, মুসলিম ১৬৮৮, তিরমিযী ১৪৩০, নাসায়ী ৪৮৯৫, ৪৮৯৭-৪৯০৩, আবূ দাউদ ৪৩৭৩, ইবনু মাজাহ ২৫৪৭, আহমাদ ২২৯৬৮, ২৪৭৬৯, দারেমী ২৩০২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন